

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিস
ফুলবাড়ী, দিনাজপুর।

স্মারক নং-১২.১৮.২৭৩৮.০৪১.৯৯.০৩.১৮.৬৭১

তারিখঃ ১৭ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ
০১ নভেম্বর, ২০১৮ খ্রি:


নিয়োগ বিজ্ঞপ্তি

দিনাজপুর জেলাধীন ফুলবাড়ী উপজেলায় “বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) প্রকল্পের” প্রকল্প বাস্তবায়ন কমিটির গত ১৪/০৯/২০১৮ খ্রি: তারিখের সভার সিদ্ধান্তের আলোকে ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রশিক্ষণার্থীদের সেলাই প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে শুধুমাত্র ০৩ (তিন) মাসের জন্য নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে স্ব হস্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র নং | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | বেতন | বয়স সীমা |
|-----------|----------------------------|----------------|--|--|---|
| ০১ | সেলাই প্রশিক্ষক (মহিলা) | ০১ (এক) | ১। এইচ এস সি পাস। ২। ট্রেড সার্টিফিকেট ৩। বাস্তবকাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | ৮,০০০/- আট হাজার টাকা (সর্বসাকুল্যে) | ১৫/১১/২০১৮ খ্রি: তারিখের বয়স ১৮- ৩০ বছর হতে হবে। |

শর্তাবলী

- আবেদনপত্র অবশ্যই প্রার্থীর স্ব হস্তে পূরণ করে নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী ১৫/১১/২০১৮ খ্রি: তারিখের মধ্য অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:-
 - পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি -০৩ (তিন) কপি।
 - সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
 - সংশ্লিষ্ট ট্রেডের সনদের সত্যায়িত ফটোকপি।
 - আবেদনপত্রে অবশ্যই মোবাইল নম্বর উল্লেখ থাকতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ১৫/১১/২০১৮ খ্রি: তারিখে অবশ্যই ১৮-৩০ বছর হতে হবে। এছাড়াও সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা অনুসরণ করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় এই নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবেনা।
- এ নিয়োগ শুধুমাত্র প্রকল্প মেয়াদ ০৩ (তিন) মাসের জন্য প্রযোজ্য হবে। ০৩ (তিন) মাস পর এ নিয়োগের সকল কার্যকারিতা বাতিল বলে গণ্য হবে।
- এ নিয়োগের ব্যাপারে সরকারি সকল বিধি বিধান অনুসরণ করা হবে।


(এ. টি. এম. হাম্মাম আশরাফ)

উপজেলা কৃষি কর্মকর্তা

ও

আহ্বায়ক

সেলাই প্রশিক্ষক নিয়োগ উপ কমিটি, ফুলবাড়ী, দিনাজপুর।